

## বিমানের টিকিট বিক্রি বেড়েছে ৩৬ শতাংশ

- A Monitor Desk Report

Date: 17 March, 2025



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইনসের টিকিট বিক্রি ৩৬ শতাংশ বেড়েছে।

২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ২০২৫ সালের জানুয়ারি পর্যন্ত পাঁচ মাসে জাতীয় পতাকাবাহী সংস্থাটি চার হাজার ৫৭ কোটি টাকার টিকিট বিক্রি করেছে, যা আগের বছরের একই সময়ের তুলনায় এক হাজার ১০০ কোটি টাকা বেশি।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সাফিকুর রহমান জানিয়েছেন, ওয়েবসাইট, বিলিং অ্যান্ড সেটলমেন্ট প্ল্যান (বিএসপি) এবং বিক্রয়কেন্দ্রগুলোতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি এসেছে, যা কম্পানির রাজস্ব বৃদ্ধিতে বড় ভূমিকা রেখেছে।

তিনি জানান, বিএসপির মাধ্যমে বিক্রি ৩৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বিমান বিক্রয়কেন্দ্রগুলোতে ৩ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে এবং ওয়েবসাইটের মাধ্যমে টিকিট বিক্রিতে ২৭ শতাংশ উল্লেখন ঘটেছে। ওয়েবসাইটের বিক্রয় বৃদ্ধির পেছনে আন্তর্জাতিক বিক্রয় সীমাবদ্ধতা প্রত্যাহার, কার্যকর প্রচারণা এবং ক্রেডিট কার্ড লেনদেন বৃদ্ধির ভূমিকা রয়েছে।

এদিকে কার্গো বিক্রিতেও বড় সাফল্য এসেছে। ২০২৪ সালের সেপ্টেম্বর কার্গো বিক্রয় ১৪৬.২৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে, আর অক্টোবরে বেড়েছে ১০১.৯৬ শতাংশ।

বিমান জানায়, রোড সম্প্রসারণের অংশ হিসেবে বিমান ইতালির ইটা এয়ারওয়েজ-এর সঙ্গে একটি স্পেশাল প্রোরেট অ্যাগ্রিমেন্ট (এসপিএ) স্বাক্ষর করেছে। যার ফলে রোম থেকে যাত্রীরা ইউরোপের যেকোনো বড় শহরে একক টিকিটের মাধ্যমে ভ্রমণ করতে পারবেন। এছাড়া, জাপান এয়ারলাইন্স, তুরস্কের তর্কিশ এয়ারলাইন্স এবং চীনের হেইন্যান এয়ারলাইন্স-এর সঙ্গে আরও চুক্তি নিয়ে আলোচনা চলছে।

বিমান শিগগিরই বিটুবি ট্রাভেল এজেন্ট পোর্টাল চালু করতে যাচ্ছে এবং ইতালি, কানাডা, যুক্তরাজ্য ও জাপানে ক্রেডিট কার্ড পেমেন্ট ব্যবস্থা

চালুর পরিকল্পনা রয়েছে।

তবে বিমান কর্তৃপক্ষ স্বীকার করেছে যে, বহরের সীমাবদ্ধতার কারণে নতুন রুট চালু করা সম্ভব হচ্ছে না। বর্তমানে বিমানের বহরে ২১টি উড্ডোজাহাজ রয়েছে। মো. সাফিকুর রহমান বলেন, আমরা দীর্ঘমেয়াদি লিজে কিছু উড্ডোজাহাজ আনার চেষ্টা করছি, যা পরবর্তীতে ক্রয় করা হবে। ২০

ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইনসের টিকিট বিক্রি ৩৬ শতাংশ বেড়েছে।

২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ২০২৫ সালের জানুয়ারি পর্যন্ত পাঁচ মাসে জাতীয় পতাকাবাহী সংস্থাটি চার হাজার ৫৭ কোটি টাকার টিকিট বিক্রি করেছে, যা আগের বছরের একই সময়ের তুলনায় এক হাজার ১০০ কোটি টাকা বেশি।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সাফিকুর রহমান জানিয়েছেন, ওয়েবসাইট, বিলিং অ্যান্ড সেটলমেন্ট প্ল্যান (বিএসপি) এবং বিক্রয়কেন্দ্রগুলোতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি এসেছে, যা কম্পানির রাজস্ব বৃদ্ধিতে বড় ভূমিকা রেখেছে।

তিনি জানান, বিএসপির মাধ্যমে বিক্রি ৩৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বিমান বিক্রয়কেন্দ্রগুলোতে ৩ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে এবং ওয়েবসাইটের মাধ্যমে টিকিট বিক্রিতে ২৭ শতাংশ উল্লক্ষন ঘটেছে। ওয়েবসাইটের বিক্রয় বৃদ্ধির পেছনে আন্তর্জাতিক বিক্রয় সীমাবদ্ধতা প্রত্যাহার, কার্যকর প্রচারণা এবং ক্রেডিট কার্ড লেনদেন বৃদ্ধির ভূমিকা রয়েছে।

এদিকে কার্গো বিক্রিতেও বড় সাফল্য এসেছে। ২০২৪ সালের সেপ্টেম্বরে কার্গো বিক্রয় ১৪৬.২৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে, আর অক্টোবরে বেড়েছে ১০১.৯৬ শতাংশ।

বিমান জানায়, রোড সম্প্রসারণের অংশ হিসেবে বিমান ইতালির ইটা এয়ারওয়েজ-এর সঙ্গে একটি স্পেশাল প্রোরেট অ্যাগ্রিমেন্ট (এসপিএ) স্বাক্ষর করেছে। যার ফলে রোম থেকে যাত্রীরা ইউরোপের যেকোনো বড় শহরে একক টিকিটের মাধ্যমে ভ্রমণ করতে পারবেন। এছাড়া, জাপান এয়ারলাইন্স, তুরস্কের তর্কিশ এয়ারলাইন্স এবং চীনের হেইন্যান এয়ারলাইন্স-এর সঙ্গে আরও চুক্তি নিয়ে আলোচনা চলছে।

বিমান শিগগিরই বিটুবি ট্র্যাভেল এজেন্ট পোর্টাল চালু করতে যাচ্ছে এবং ইতালি, কানাডা, যুক্তরাজ্য ও জাপানে ক্রেডিট কার্ড পেমেন্ট ব্যবস্থা চালুর পরিকল্পনা রয়েছে।

তবে বিমান কর্তৃপক্ষ স্বীকার করেছে যে, বহরের সীমাবদ্ধতার কারণে নতুন রুট চালু করা সম্ভব হচ্ছে না। বর্তমানে বিমানের বহরে ২১টি উড্ডোজাহাজ রয়েছে। মো. সাফিকুর রহমান বলেন, আমরা দীর্ঘমেয়াদি লিজে কিছু উড্ডোজাহাজ আনার চেষ্টা করছি, যা পরবর্তীতে ক্রয় করা হবে।